"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৩.২০১৭-৩৭১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ৩১/০৭/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৬৬.১৭-২৭১ ও ২৭২ এবং ১৫/০৬/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৪৮.১৭-২১৭ নং স্মারকে বর্ণিত সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) প্রোগ্রামার, সহকারী অধ্যাপক (নন-টেক) এবং সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং) এর ০৮ (আট) টি অস্থায়ী পদে তাদের নামের পাশে লিখিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে নিয়োগ/পদায়ন করা হলো ঃ

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | নিয়োগকৃত পদ ও পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রাকিবুল ইসলাম<br>পিতা- মোঃ সিরাজ উদ্দিন মোল্লা<br>মাতা- সফুরা খাতুন | গ্রামঃ প্রাণপুর, ডাকঃ হোসেনডাঙ্গা<br>থানা/উপজেলাঃ পাংশা<br>জেলা ঃ রাজবাড়ী | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | প্রোগ্রামার<br>ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ২। | জনাব সুবর্ণা সরকার রূপা<br>পিতা- রনজিত কুমার সরকার<br>মাতা- শিবানী চৌধুরী | গ্রামঃ লালনগর, ডাকঃ বাঘা<br>থানা/উপজেলাঃ গোলাপগঞ্জ<br>জেলাঃ সিলেট | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) পদার্থ বিজ্ঞান<br>সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৩। | জনাব জেবুন্নেছা রুমা<br>পিতা- মোঃ মোখলেছুর রহমান<br>মাতা- বদরুন্নেছা | গ্রামঃ পিজাহাতী, ডাকঃ রায়পুর<br>থানা/উপজেলাঃ কেন্দুয়া<br>জেলাঃ নেত্রকোণা | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) পদার্থ বিজ্ঞান<br>ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৪। | জনাব মোঃ খলিলুর রহমান<br>পিতা- মোঃ গোলাম মওলা মন্ডল<br>মাতা- মোছাঃ রোকেয়া বেগম | গ্রামঃ ভায়রচর, ডাকঃ পেছর পাড়া, থানা/উপজেলাঃ কামারখন্দ<br>জেলাঃ সিরাজগঞ্জ | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) রসায়ন<br>ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৫। | জনাব মোঃ শাহজামাল মোল্যা<br>পিতা- মোঃ আবুল কাশেম মোল্যা<br>মাতা- মোছাঃ সুফিয়া বেগম | গ্রামঃ নলঘৈর, ডাকঃ প্রসাদপুর<br>থানা/উপজেলাঃ মান্দা<br>জেলাঃ নওগাঁ | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) রসায়ন<br>সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৬। | জনাব মোহাম্মদ আব্দুস সাত্তার টিটু<br>পিতা- মোহাম্মদ মোতালেব মিয়া<br>মাতা- মিসেস শিরিন | গ্রামঃ কলাতলা (মুন্সী বাড়ি)<br>ডাকঃ বহেরাতলা<br>থানা/উপজেলাঃ শিবচর, জেলাঃ মাদারীপুর | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) গণিত<br>ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৭। | জনাব জান্নাতুন নাঈম<br>পিতা- এস, এম, নূরুল মোমেন<br>মাতা- উম্মে সালমা | ১৮৫, হাসিনা মঞ্জিল<br>গ্রামঃ শাহ আব্দুল করিম রোড, খড়কী<br>ডাকঃ যশোর সদর<br>থানা/উপজেলাঃ কোতয়ালী,<br>জেলাঃ যশোর | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক<br>(নন-টেক) গণিত<br>ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৮। | জনাব মোঃ আবু নাসের মজুমদার<br>**(মুক্তিযোদ্ধার সন্তান)**<br>পিতা- আঃ ছালাম মজুমদার<br>মাতা- মিসেস হালিমা বেগম | বাড়ি, ফ্লাট ও সড়ক নম্বর :<br>কে.বি.রোড<br>গ্রাম/শহর: ধানবান্ধি, ডাকঘর: সিরাজগঞ্জ<br>থানা/উপজেলা + জেলাঃ<br>সিরাজগঞ্জ। | টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)<br>সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ। |

D:\Ousman\Technical-1\Poggapon (GO-40) doc

শর্তাবলী :

(ক) তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বণ্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমাণ্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকার বদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(ঠ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২০ মে ২০১৮ খ্রি. তারিখ তাদের নামের পাশে বর্ণিত পদে ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৫/০৪/১৮

(মোঃ আব্দুর রহিম)
উপসচিব (কারিগরি)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৮। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব ..............................................................................................
১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪। অফিস নথি।

D:\Ousman\Technical-1\Poggapon (GO-40) doc

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.০৩২.০০৩.১৭ (ন-০৩)/২২১(১৩),

তারিখঃ ৩০/০৪/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। পরিচালক (প্রশাসন/ভোকেশনা/পিআইডব্লিউ/পরিঃ ও উন্নঃ/পিআইইউ) কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪। উপসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, শাখা: কারিগরি-১, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। জনাব ..............................................................।
৭। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০) কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট/ময়মনসিংহ।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো) ।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচারক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। সংরক্ষণ নথি।

(মোঃ শামসাদ খলিল)
সহকারী পরিচালক-১
ফোন-০২-৮১৮১২২৯